


প্রিয় সহকর্মীবৃন্দ : "নিজে সতর্ক থাকুন ও গ্রাহকদের সতর্ক করুন"



- ❖ অফিসের ও ব্যক্তিগত কম্পিউটার, ল্যাপটপ ও স্মার্টফোন এর সর্বোচ্চ নিরাপদ ও সতর্ক ব্যবহার নিশ্চিত করুন এবং ব্যবহার শেষে সঠিকভাবে লগআউট করুন।
- ❖ স্ট্রং পাসওয়ার্ড (আলফা-নিউমেরিক-সিম্বলসহ) এবং পৃথক অ্যাপ্লিকেশন এর জন্য পৃথক পাসওয়ার্ড ব্যবহার করুন। আপনার জন্মতারিখ, মোবাইল নম্বর ও সহজে অনুমিত এমন নাম- পাসওয়ার্ড হিসাবে ব্যবহার থেকে বিরত থাকুন।
- ❖ কখনই পাসওয়ার্ড অথবা পিন শেয়ার করবেন না, ওয়ালেট বা সহজলভ্য যায়গায় যেমন- কার্ডের পিছনে, ডেস্কে রাখা ডাইরিতে বা ক্যালেন্ডারে লিখে রাখবেন না। অবশ্যই পাসওয়ার্ডটি নির্দিষ্ট সময় পরপর পরিবর্তন করুন।
- ❖ নিরাপদ লেনদেনের জন্য নিশ্চিত করুন আপনার কার্ডটি EMV চিপ ও PIN সংবলিত।
- ❖ পাবলিক ওয়াইফাই, সাইবার-ক্যাফে বা অন্যের ল্যাপটপ / স্মার্টফোন ব্যবহার থেকে বিরত থাকুন। প্রয়োজনে ব্যবহার করতে হলে, অতিসত্বর নিজস্ব ডিভাইস থেকে আপনার পাসওয়ার্ড বা পিন পরিবর্তন করে ফেলুন।
- ❖ অফিসের কম্পিউটারে পেন-ড্রাইভ, সিডি, ক্যামেরাসহ যেকোনো বাহ্যিক ডিভাইস ব্যবহার থেকে বিরত থাকুন এবং ব্যক্তিগত ব্যবহারেও সতর্ক থাকুন।
- ❖ অপরিচিত বা অনাকাঙ্ক্ষিত কোন পক্ষ থেকে আগত ই-মেইল খোলার ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করুন এবং তার সাথে থাকা সংযুক্ত ফাইল খোলা বা ডাউনলোড থেকে বিরত থাকুন। ব্যাংকের আইটি সিকিউরিটি ডিভিশনকে অবহিত করুন এবং প্রয়োজনে সে মেইলগুলো দ্রুত মুছে ফেলুন।
- ❖ আপনার কম্পিউটার ও ল্যাপটপের সফটওয়্যার ও এন্টিভাইরাস হালনাগাদ আছে কিনা নিশ্চিত করুন।
- ❖ সবসময় HTTPS যুক্ত ওয়েব এড্রেস নিশ্চিত করুন, দৃশ্যমান যেকোনো লিঙ্ক- এ ক্লিক না করে ওয়েব সাইট URL নিজে টাইপ করে সঠিক সাইটে প্রবেশ করুন।
- ❖ সোশ্যাল মিডিয়া ও অতিলোভনীয় বাণিজ্যিক / শপিং এর বিজ্ঞাপন যুক্ত সাইট ব্যবহারে অত্যন্ত সতর্ক থাকুন, নিশ্চিত করুন ই-কমার্স সাইটটি SSL ভেরিফাইড এবং প্রয়োজনের অতিরিক্ত তথ্য প্রদানে বিরত থাকুন।
- ❖ "আইডেন্টিটি চুরি" থেকে রক্ষা পেতে প্রতিনিয়ত আপনার ডেক্সটপ, টেবিল-ট্রে পরিষ্কার রাখুন এবং হিসাবের লেনদেন নিজ নজরদারিতে রাখুন।
- ❖ এসংক্রান্ত কোন বিচ্যুতি বা দুর্ঘটনা পরিলক্ষিত হলে তৎক্ষণাৎ যথাযথ কর্তৃপক্ষ কে অবহিত করুন।



- ⬇️ পানি, বিদ্যুৎ, গ্যাস ও স্থালানী ব্যবহারে সাশ্রয়ী হোন, অন্যকে ব্যবহারের সুযোগ দিন
- ⬇️ অফিস/ বাসা থেকে প্রস্থানের সময় অবশ্যই অপ্রয়োজনীয় লাইট, ফ্যান, এসি, কম্পিউটার ইত্যাদি বন্ধ করুন
- ⬇️ পানির পরিমিত ব্যবহার নিশ্চিত করুন ও ব্যবহার শেষে কল বন্ধ রাখুন
- ⬇️ প্রযুক্তির সম্ভাব্য ও সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে গ্রীণ ব্যাংকিং-এর আওতায় কাগজসহ আনুষঙ্গিক স্টেশনারীর ব্যবহার সীমিত করুন
- ⬇️ স্বাস্থ্যসম্মত ও পরিচ্ছন্ন পরিবেশ রাখতে সহায়তা করুন
- ⬇️ ব্যাংক ও সর্বোপরি জাতীয় সম্পদের অপচয় বোধ করুন, সুখী-সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তুলুন।



ডাচ-বাংলা ব্যাংক
আপনার বিশ্বস্ত সহযোগী